

রাজা

ঠাকুর্দা। এবারকার বসন্ত-উৎসবটা নানা ক্ষেত্রে নানা রকম হ'য়ে গেল, তাই সকল পালার মধ্যে দিয়ে এদের ঘুরিয়ে নিয়ে বেড়াচ্ছি। সেদিন বাগানের মধ্যে দিয়ে দিবিা লাল হ'য়ে উঠেছিল—রণক্ষেত্রেও মন্দ জমেনি। সে ত চু'কল আজ আবার আমাদের বড় রাস্তার বড় দিন। আজ ঘরের মানুষদের পথে বের করবার জন্যে দক্ষিণ হাওয়ার মত দলবল নিয়ে বেরিয়েছি। ধরত রে ভাই, তোদের সেই দরজায় যা দেবার গানটা ধর !

গান

আজি বসন্ত জাগ্রত দ্বাবে ।
তব অবগুষ্ঠিত কুষ্ঠিত জীবনে
কোরো না বিড়ম্বিত তা'রে ।
আজি খুলিয়ো হৃদয়দল খুলিয়ো,
আজি ভুলিয়ো আপন পর ভুলিয়ো,
এই সঙ্গীতমুখরিত গগনে,
তব গন্ধ তরঙ্গিয়া তুলিয়ো !
এই বাহির ভুবনে দিশা হারায়
দিয়া ছড়ায় মাধুরী ভারে ভারে ।
অতি নিবিড় বেদনা বন মাঝে,রে,
আজি পল্লবে পল্লবে বাজে,রে ।

দূরে গগনে কাহার পথ চাহিয়া,
আজি ব্যাকুল বসুন্ধরা সাজেরে ।
মোর পরাণে দখিন বায়ু লাগিছে,
কারে দ্বারে দ্বারে কর হানি মাগিছে,
এই সৌরভবিহ্বলা রজনী
কার চরণে ধরনীতলে জাগিছে ?
ওগো সুন্দর, বল্লভ, কান্ত,
তব গম্ভীর আহ্বান কারে ।
